

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.১১.৫৪৫

তারিখ:

২১ অগ্রহায়ণ ১৪২৫
০৫ ডিসেম্বর ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আবুল কালাম আজাদ (০১৬৭৯৭), সহকারি অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি কারমাইকেল কলেজ, রংপুর ১০% কোটায় নিয়োগপ্রাপ্ত হয়ে ১৬/০৬/২০০৬ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করেন। অভিজ্ঞতার ভুয়া সনদ ব্যবহার করে মহামান্য রাষ্ট্রপতির ১০% কোটায় সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ার অভিযোগে তার বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্ত কার্যক্রম গৃহীত হয়। তদন্তে অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণ হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলার সমস্ত প্রক্রিয়া শেষে জনাব মোঃ আবুল কালাম আজাদ এর অভিজ্ঞতার সনদ ভুয়া প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী “চাকুরি হতে অপসারণ (Removal from Service)” করা হয়;

যেহেতু, তিনি উক্ত অপসারণ আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়াতে এ.টি. মামলা নং-২৮/২০১৩ দায়ের করেন। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল তাকে চাকুরিতে স্ব-পদে পুনঃবহাল করতঃ তার বকেয়া বেতন-ভাতাদিসহ বিধি অনুযায়ী প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধা প্রদানের নির্দেশ প্রদান করে। প্রশাসনিক মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করলেও উল্লিখিত বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রায় বহাল থাকে। উক্ত সিদ্ধান্তে মহামান্য রাষ্ট্রপতি সম্মতি জ্ঞাপন করেন;

সেহেতু, জনাব মোঃ আবুল কালাম আজাদ (০১৬৭৯৭), সহকারি অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি কারমাইকেল কলেজ, রংপুর-কে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল এর রায়ের আলোকে চাকুরিতে স্ব-পদে পুনঃবহাল করতঃ তার বকেয়া বেতন-ভাতাদিসহ বিধি অনুযায়ী প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-

তারিখ: ২৫.১১.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.১১.৫৪৫/১(১০)

তারিখ:

২১ অগ্রহায়ণ ১৪২৫
০৫ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ আবুল কালাম আজাদ এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অধ্যক্ষ, সরকারি কারমাইকেল কলেজ, রংপুর।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ (০১৬৭৯৭), সহকারি অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি কারমাইকেল কলেজ, রংপুর।


০৫/১২/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬